

উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর

সভার কার্যবিবরণী




সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ কালিহাতি, টাঙ্গাইল।

সভা নং- ০৩

সময়: বিকেল ৪:৩০ হইতে বিকেল ৫:৩০ পর্যন্ত

তারিখ- ৩১/০৭/২০২৪ ইং

উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

ক্র: নং	নাম, পদবী ও ঠিকানা	স্বাক্ষর
০১	জনাব শাহাদাত হুসেইন উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।	
০২	জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক সহকারী কমিশনার, (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল।	
০৩	জনাব লিজন হোসাইন সদস্য, নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল।	

অদ্য তারিখ রোজ বুধবার বিকেল ৪:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল- এ “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” প্রতিষ্ঠা ও অগ্রগতির বিষয়ে প্রতিষ্ঠাতা সদস্যগণের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় সভাপতিত্ব করেন- জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয়।


আলোচ্য বিষয়:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. অত্র প্রতিষ্ঠানের অবকাঠামো প্রস্তুতের অগ্রগতি ও উদ্বোধন প্রসঙ্গে।
৩. বিবিধ।

১ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি) বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান, এ বিষয়ে আর কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়।

২নং আলোচ্য বিষয় এর উপর দায়িত্ব মোতাবেক জনাব লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি) উপস্থাপন করেন যে, কালিহাতি উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সাবেক কার্যালয়টি পরিত্যক্ত অবস্থায় ছিল, কিন্তু কিছুটা মেরামতের মাধ্যমে ব্যবহার উপযোগী মনে হওয়ায়, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল- এর সার্বিক সহায়তায় “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” এর কম্পিউটার ল্যাব প্রস্তুত করা হয় এবং উপজেলার সম্প্রসারিত নতুন ভবনের চতুর্থ তলায় একটি অফিসকক্ষ প্রস্তুত করা হয়। নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল স্বেচ্ছাসেবী সংস্থাটি একটি চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে অত্র প্রতিষ্ঠানে প্রাথমিক যাত্রা শুরুর স্বার্থে কম্পিউটার সহ আনুষঙ্গিক মালামাল সম্প্রদান করেন। উপজেলা প্রশাসনের প্রচেষ্টায়, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল এবং নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল এর সার্বিক সহায়তায় “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” এর যাত্রা শুরুর আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। জনাব লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি) প্রস্তাব পেশ করে বলেন যে, “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” যাত্রা শুরু করার জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত, আগামি ২২/০৮/২০২৪ ইং তারিখে আনুষ্ঠানিকভাবে অত্র প্রতিষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করা যাবে এবং কার্যক্রম শুরু করা যাবে। এ বিষয়ে সভাসদগণের মধ্যে বিশদ ও বিস্তারিত আলাপ-আলোচনা হয়। আলোচনান্তে- লিজন হোসাইনকে সার্বিক দায়িত্ব প্রদান করে ২২/০৮/২০২৪ ইং তারিখে “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” এর শুভ উদ্বোধন ও কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করে উক্ত সভার সমাপ্ত ঘোষণা করেন।


শাহাদাত হুসেইন
উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।